

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৬, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চিএ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৬ শ্রাবণ, ১৪৩১ বঙাব্দ/৩১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নম্বর-২৭৮-আইন/২০২৪ — Ports Act, 1908 (Act No. XV of 1908),
অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a),
sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত
এলাকাকে “ভোলাগঞ্জ নদী বন্দর, সিলেট” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ
কার্যকর করিল, যথা :—

তফসিল

“ভোলাগঞ্জ নদী বন্দর, সিলেট” এর—

- (ক) উত্তর সীমানা : সিলেট জেলার কোম্পানিগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ জিরো পয়েন্ট
এলাকার সন্নিকটে ধলাই নদীর উপর আড়াআড়িভাবে $৯১^{\circ} ৪৫' ১৫.২''$
E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;
- (খ) দক্ষিণ-পশ্চিম
সীমানা : সুরমা নদীর ডান তীরে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ছাতক
ইউনিয়নের মন্ত্রীভোগ গ্রাম ও বাম তীরে সিলেট জেলার কোম্পানিগঞ্জ
উপজেলার বানিখালী ইউনিয়নের ডেকটীবাড়ী গ্রাম বরাবর সুরমা নদীর
উপর আড়াআড়িভাবে $৯১^{\circ} ৪০' ৫১''$ E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;
- (গ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ
ভরাকটাল (ordinary spring tide) এর সময় বন্দর এলাকায়
সর্বোচ্চ পানি সমতল (high water mark) হইতে ভূ-ভাগের দিকে
৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৬৪৫)

মূল্য : টাকা ৮.০০